

তারিখ : .....  
পৃষ্ঠা : ..... কলাম : .....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং : পা : ১৩/১-১৩ (প্রফেশনাল)/২০০২/১২৯

তারিখ : ০৮/০৪/২০০২

বিজ্ঞপ্তি

বিষয় : জাপান সরকার প্রদত্ত মনবুকাগাকুশো (Monbukagakusho) (প্রফেশনাল) বৃত্তি : ২০০৩-২০০৪ প্রসঙ্গে।  
২০০৩-২০০৪ শিক্ষাবর্ষে জাপান সরকার প্রদত্ত মনবুকাগাকুশো (Monbukagakusho) (প্রফেশনাল) বৃত্তির অধীনে মেধাক্রমের ভিত্তিতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়ে অধ্যয়নের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা
১.	Civil Engineering	ক) বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গড়ে ৮০% নম্বর থাকতে হবে।
২.	Electrical Engineering	
৩.	Telecommunication	
৪.	Architecture	
৫.	Electronics	
৬.	Nutrition	খ) বাণিজ্য ও মানবিক বিভাগের ছাত্রছাত্রীদের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গড়ে ৭৫% নম্বর থাকতে হবে।
৭.	Infant Education	
৮.	Secretarial Studies (Females Only)	
৯.	Hotel Management	
১০.	Tourism	গ) ১-৫নং ক্রমিকের বিষয়ের জন্য কেবল বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীগণ আবেদন করতে পারবেন।
১১.	Fashion Dress Making	
১২.	Design	
১৩.	Photography	
১৪.	Other fields of study	

- ১-৪-২০০৩ তারিখে প্রার্থীর বয়স ১৭ বৎসর থেকে ২১ বৎসরের মধ্যে হতে হবে (যারা ২/৪/১৯৮১ হতে ১/৪/১৯৮৬ সালের মধ্যে জন্মগ্রহণ করেছেন)।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে অন্য কোন বৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তাঁদের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- একজন প্রার্থী একাধিক বিষয় ও একাধিক ক্যাটাগরিতে আবেদন করতে পারবে না অর্থাৎ মনবুকাগাকুশো আন্ডারগ্র্যাডুয়েট, প্রফেশনাল অথবা টেকনোলজি-এর যেকোন একটিতে আবেদন করতে পারবে।
- ইচ্ছাকৃত মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- একটি দেশের বৃত্তির জন্য কেহ মনোনীত হলে তাকে অন্য কোন দেশের বৃত্তির প্রার্থী হিসেবে বিবেচনা করা হয় না। এই বৃত্তি ভোগে প্রকৃতপক্ষে আগ্রহী নন এমন প্রার্থীকে আবেদন করা থেকে বিরত থাকার পরামর্শ দেয়া যাচ্ছে।
- সাদা কাগজে নিম্নলিখিত ছক অনুসারে ইংরেজীতে এক কপি আবেদনপত্র দাখিল করতে হবে। দরখাস্তের সাথে প্রার্থীর সকল পরীক্ষার পাশের সার্টিফিকেট ও মার্কশীট এবং পাসপোর্ট আকারের ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করে দিতে হবে।
- আবেদনপত্রের ছক নিম্নরূপ হবে :

জাপান সরকারের মনবুকাগাকুশো (Monbukagakusho) (প্রফেশনাল)  
বৃত্তি : ২০০৩-২০০৪-এর জন্য আবেদন  
প্রার্থিত বিষয়ের নাম :

ক)	প্রার্থীর নাম	:
খ)	পিতার নাম	:
গ)	বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বর)	:
ঘ)	স্থায়ী ঠিকানা	:
ঙ)	জন্ম তারিখ	:
চ)	বয়স	:
ছ)	জাতীয়তা	:
জ)	পরীক্ষা পাশের বিবরণ	:

এসএসসি বা সমমানের পরীক্ষাসহ উচ্চতর সকল পরীক্ষার বিবরণ উল্লেখ করতে হবে

পরীক্ষার নাম	বোর্ড ও পাসের সন	শ্রেণি বিভাগ	শ্রেণি মোট নম্বর	শতকরা হার

আবেদনকারীর স্বাক্ষর

- আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় কাঠের বাগে আগামী ১৮/০৪/২০০২ তারিখের মধ্যে পৌছাতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। দরখাস্তের বামের উপরে "মনবুকাগাকুশো (প্রফেশনাল) বৃত্তি" শাখা/বিষয়ের নাম এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায় শ্রেণি মোট নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- মনোনয়নের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নাম সচিবালয়ের ১নং গেইট-এর অভ্যর্থনা কক্ষের সামনে এবং ভবন নং-৬-এর ১৭তম ফ্লোরের লিফটের পাশে টানিয়ে দেয়া হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শ্রেণি মোট নম্বরের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রার্থীদের ঢাকায় জাপান দূতাবাস কর্তৃক আয়োজিত লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ পরে জানানো হবে। এজন্য মন্ত্রণালয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সৈয়দা সালমা জাফরীন  
সহকারী সচিব  
ভবন নং-০৬, কক্ষ নং-১৭০৬  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।